

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

০৪ কার্তিক, ১৪২৩

নং-০৫.০০.০০০০.১০২.৯৯.০০২.১৩- ৫০

তারিখঃ.....

১৯ অক্টোবর, ২০১৬

বিষয়: কর্মকর্তাগণের ২০১৫ সনের গোপনীয় অনুবেদন সিআর অধিশাখায় পৌঁছানো সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মকর্তাগণের ২০১৫ সনের গোপনীয় অনুবেদন (দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরিত হয়ে) সিআর অধিশাখায় পৌঁছানোর সময়সীমা ৩১ মার্চ, ২০১৬ অতিক্রান্ত হলেও বেশকিছু কর্মকর্তার গোপনীয় অনুবেদন এখনও সিআর অধিশাখায় পৌঁছায়নি। ইতোমধ্যে অত্র কার্যালয়ে প্রাপ্ত অনুলিপি ও গোপনীয় অনুবেদন পর্যালোচনায় দেখা যাচ্ছে বেশকিছু কর্মকর্তার দাখিলকৃত গোপনীয় অনুবেদন অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী পর্যায়ে অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের অপেক্ষায় রয়েছে, কিছু কিছু কর্মকর্তা গোপনীয় অনুবেদন দাখিলই করেননি। আবার কিছু কিছু কর্মকর্তা আংশিক গোপনীয় অনুবেদনকে বার্ষিক হিসেবে বা সারা বছরের জন্য উল্লেখ করে দাখিল করেছেন, যা যথাযথ নয়।

উল্লেখ্য, গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা অনুযায়ী বদলী/পদোন্নতি ইত্যাদি কারণে পৃথক কোন কর্মস্থল বা পৃথক কোন অনুবেদনকারীর নিকট কর্মকাল ন্যূনতম ০৩ মাস হলে আবশ্যিকভাবে পৃথক আংশিক গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে।

কোন কর্মস্থলে একাধিক অনুবেদনকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে কর্মরত থাকার ক্ষেত্রে কোন অনুবেদনকারীর নিয়ন্ত্রণে কর্মকাল ০৩ মাস না হয়ে প্রতিস্বাক্ষরকারীর নিয়ন্ত্রণে ০৩ মাস হলে (যথোপযুক্ত প্রমাণসহ) অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক আবশ্যিকভাবে বিষয়টি অগ্রগামীপত্রে উল্লেখপূর্বক প্রতিস্বাক্ষরকারীর নিকট গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরের পর ৭ম অংশে কারণটি উল্লেখ করে তা অগ্রায়ন করতে হবে।

নির্ধারিত সময়ের একবছর পর গোপনীয় অনুবেদন দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর শেষে সিআর অধিশাখায় প্রেরণ করলে তা গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায়, অনুগ্রহপূর্বক আপনার/আপনার অধীনস্থ যে সকল কর্মকর্তার ২০১৫ সনের প্রয়োজ্য আংশিক বা বার্ষিক গোপনীয় অনুবেদন এখনও সিআর অধিশাখায় পৌঁছায়নি তা দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক জরুরি ভিত্তিতে ৩১ ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে সিআর অধিশাখায় পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষ অনুরোধ করা হ'ল।



১৯.১০.১৬
শেলিনা খানাম

সিনিয়র সহকারী সচিব

ফোন- ৯৫৫০৩৯৩

sascr3@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিত করার বিনীত অনুরোধসহ)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. সচিব, জনবিভাগ/আপনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব/ভারপ্রাপ্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. বিভাগীয় কমিশনার,..... বিভাগ।
৫. জেলা প্রশাসক,.....জেলা।
৬. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৭. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।